

সম্মানিত করদাতাগণের করণীয়

- (১) আমদানি/রপ্তানীকৃত পণ্যের বিপরীতে প্রযোজ্য করাদি যথাসময়ে সরকারী কোষাগারে পরিশোধ নিশ্চিতকরণ;
- (২) প্রত্যেক ফ্রেতা/ভোক্তাকে মূসক-১১, ১১(ক) ফরমে সংখ্যানুক্রমিক মূসক (ভ্যাট) চালান প্রদান করণ;
- (৩) প্রতিদিনের বিক্রিত পণ্যের মূল্য ও প্রাপ্ত মূসক (ভ্যাট) বিক্রয় রেজিস্টারে লিপিবদ্ধ করণ;
- (৪) ফ্রেতা/ভোক্তার নিকট হতে প্রাপ্ত মূসক (ভ্যাট) যথাসময়ে সরকারী কোষাগারে জমাদান নিশ্চিত করণ;
- (৫) প্রতি মাসের দাখিলপত্র (মূসক-১৯) পরবর্তী মাসের প্রথম ১৫(পনের) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করণ;
- (৬) কাজিত দলিলপত্রের প্রত্যায়িত অনুলিপি সংশ্লিষ্ট দপ্তর হতে পাওয়ার ক্ষেত্রে দলিলপত্রের পৃষ্ঠা-০৫ (পাঁচ) বা তার কম হলে ৫০/- (পঞ্চাশ) টাকা, অধিক হলে প্রথম ০৫(পাঁচ) পৃষ্ঠার জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং পরবর্তী প্রতি পৃষ্ঠার জন্য ৭/- (সাত) টাকা হারে নির্ধারিত ফি সরকারী কোষাগারে পরিশোধ করে সংগ্রহ করণ (মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ৩৪ক ধারা মোতাবেক) ;
- (৭) যে কোন বিষয়ে লিখিত আবেদন দাখিলের প্রয়োজন হলে নির্ধারিত ৫/- (পাঁচ) টাকার কোর্ট ফি/স্ট্যাম্প লাগিয়ে আবেদন দাখিল করণ এবং
- (৮) এ বিষয়ে আপনার কোন জিজ্ঞাসা থাকলে অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ করণ।